উপদেষ্টা

ডঃ জামিলুর রেজা চৌধুরী
ডঃ মুহাম্মদ ইব্রাহীম
ডঃ সৈয়দ মাহবুবুর রহমান
ডঃ হুমায়ুন আহমেদ
ডঃ ভূঁইয়া ইকবাল

সম্পাদনা উপদেষ্টা
মোঃ আব্দুল কাদের

সম্পাদক
এস,এ,বি,এম, বদরুদ্দোজা

নির্বাহী সম্পাদক
ডঃ আব্দুস সাত্তার সৈয়দ

সহযোগী সম্পাদক
মুঃ তারেকুল মোমেন চৌধুরী

সহকারী সম্পাদক
মইনউদ্দীন স্বপন

সম্পাদনা সহযোগী
- শেখ এ. শাহীদ
- আসিফ রাজ
- তাহিরুল করিম
- সিরাজুল ইসলাম
- বাররাজ হোসেন
- দিল আফরোজ
- আহমেদ হাসান
- এইচ এস ফিরোজ
- সমর রঞ্জন মিত্র
- জান্নাতুল ফেরদৌস
- শম্পা মাহমুদ
- আঃ ওয়াজেদ ওমাল

বিদেশ প্রতিনিধি

| | |
|---|---|
| তানভীর আহমেদ লেলিন | আমেরিকা |
| জামাল উদ্দীন মাহমুদ | আমেরিকা |
| ডঃ খান মনসুর-এ-খোদা | কানাডা |
| ডঃ এস মাহমুদ | বৃটেন |
| নির্মল চন্দ্র চৌধুরী | অস্ট্রেলিয়া |
| এ,এস,এম, আশরাফুল হক | চীন |
| হারুনুর রশিদ | জাপান |
| আবুল কাশেম মিয়া | জাপান |
| এস, ব্যানার্জী | ভারত |
| আঃ কঃ মোঃ শামসুজ্জোহা | সিংগাপুর |
| মোঃ সাইদুর রহমান | মালয়েশিয়া |
| এস, এম, জামাল | সুইডেন |
| মোঃ হাফিজুর রহমান | হল্যান্ড |
| নাছির উদ্দিন পারভেজ | মধ্যপ্রাচ্য |

প্রচ্ছদ ঃ এম. এ. হক অনু

কমপিউটার কম্পোজ ঃ
কমপিউটারলাইন
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ৮৬৬৭৪৬, ৫০৫৪১২, ৮৬৩২৫৫ ফ্যাক্স ঃ ৮৬২১৯২

মুদ্রণে ঃ ক্যাপিটাল প্রিন্টিং এন্ড প্যাকেজেস লিঃ
৫০-৫১, বেগম বাজার, ঢাকা।

বিজ্ঞাপন ব্যবস্থাপক
এম, এ, হক অনু

জনসংযোগ ও প্রচার ব্যবস্থাপক
শিরীন আখতার

উৎপাদন ও বিতরণ ব্যবস্থাপক
ফারজানা হামিদ

প্রকাশক ঃ নাজমা কাদের
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ৮৬৬৭৪৬, ৫০৫৪১২, ফ্যাক্স ঃ ৮৬২১৯২
ই-মেইল ঃ **comjagat@citechco.net**
অথবা **computer_jagat@bdnet.net**
কমপিউটার জগৎ বিবিএস ৮৬০৪৪৫, ৮৬৩৫২২

Editor : **S.A.B.M. Badruddoja**
Executive Editor :
**Dr. Abdus Sattar Syed**
Associate Editor :
**Md. Tarequl Momen Chowdhury**
Special Correspondent :
**' Kamal Arsalan ' Mokammel Hossain**
Published by : **Nazma Kader**
146/1, Azimpur Road, Dhaka-1205.
Tel. : 866746, 505412,
Fax : 88-02- 862192
E-mail : **comjagat@citechco.net**




# তথ্য ব্যবস্থা বিনির্মাণ ও ব্যবহারের ক্ষেত্রে এনজিওদের তুলনায় পিছিয়ে পড়েছে সরকার

বাংলাদেশের প্রশাসনিক কর্মকাণ্ডে কমপিউটার নামক যন্ত্রটির ব্যবহার এখনো পুরোপুরি শুরু হয়নি। দেশের প্রশাসনিক কাঠামোর শীর্ষবিন্দুতে অবস্থিত মন্ত্রণালয়গুলোর দিকে তাকালেই তা স্পষ্ট হয়ে ওঠে। গুটিকতক দপ্তরে হাতে গোনা কয়েকজন কমপিউটার কর্মী কিছু বাঁধাধরা কাজ করে যাচ্ছেন যেন শুধু মুখরক্ষার জন্যে। এতোগুলো বছর পেরিয়ে গেছে, অথচ কমপিউটারের সংখ্যা বাড়ানোর তাগিদ যেমন কেউ অনুভব করেননি, তেমনি কর্মচারী কর্মকর্তাদের কমপিউটারের সাথে পরিচিত করে কাজের চাপ কমানোর পন্থাটিও খোঁজেন নি কেউ। ফলে সরকারের তাবৎ প্রশাসনিক কাঠামো বিশেষ করে তথ্য ব্যবস্থায় এক স্থবির অন্ত:সারশূন্য অবস্থার সৃষ্টি হয়েছে।

শিল্প, ব্যাংকিং, ঋণ কর্মসূচী, বৈদেশিক বাণিজ্য, বিদেশে কর্মরত জনশক্তি কিংবা বিদেশে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা– এ ধরনের অসংখ্য খাতের কোন যথাযথ এবং হালনাগাদ পরিসংখ্যান নেই সরকারের কাছে। যা আছে তাও ফাইলের জঞ্জালে আবদ্ধ। তথ্য ব্যবস্থার এই দুর্গতি খুব স্বাভাবিকভাবেই ব্যবস্থাপনাকে আঘাত করছে এবং দুর্বল তথ্য ব্যবস্থা ভিত্তিক নড়বড়ে ব্যবস্থাপনা জন্ম দিয়েছে স্থবির প্রশাসনের। সরকারি তথ্য ব্যবস্থার এই দুর্বলতার কারণেই দেশের শিক্ষা, ব্যাংকিং, শিল্প এবং ছোট বড় নানা খাতে উন্নয়নের প্রতিযোগিতায় সরকার পিছিয়ে পড়ছে। অন্যদিকে নিরেট তথ্য কাঠামো এবং কার্যকরী ব্যবস্থাপনার কারণে এনজিওগুলো এগিয়ে গেছে অনেক দূর। একটি কথা পরিষ্কার হওয়া প্রয়োজন, একটি সুদৃঢ় তথ্য ব্যবস্থা বিনির্মাণ এবং প্রয়োগের ক্ষেত্রে এনজিওরা যে দৃষ্টান্ত স্থাপন করেছে তা সর্বান্তঃকরণে প্রশংসার দাবী রাখে। দেশের সরকার তথ্য প্রযুক্তির অগ্রগতিতে সবচেয়ে বড় ভূমিকা রাখবে আর সরকারের সাথে তাল মিলাবে এনজিওগুলো–,এটাই হওয়া উচিত ছিল। কিন্তু বাস্তবে ঘটছে তার বিপরীত। সরকার যেন স্থবির আর এনজিওগুলো এগিয়ে যাচ্ছে দৃঢ় পদক্ষেপে।

উন্নয়নের বিবিধ খাতে এনজিওদের অগ্রগতিতে রুষ্ট হয়ে তাদের প্রতিপক্ষ ভাবার কিছু নেই তাদের অগ্রগতিতে দেশেরই লাভ, কিন্তু সরকারি প্রতিষ্ঠানগুলোও যেন এনজিওদের সাথে সমান তালে এগিয়ে যেতে পারে সে ব্যাপারে অনতিবিলম্বে সচেতন হওয়া প্রয়োজন। অকারণে এনজিও আতংকে ভোগার সময় ফুরিয়ে এসেছে, এবার তাদের কাছ থেকে শেখার পালা। এখনো যদি সচেতন না হন সরকারের নীতিনির্ধারকরা, মন্ত্রণালয় থেকে শুরু করে জেলা অফিসগুলোসহ বিশ্ববিদ্যালয়, শিল্প প্রতিষ্ঠান, হাসপাতাল আর নাগরিক ব্যবস্থাপনায় কমপিউটার শিক্ষিত জনগোষ্ঠী পরিচালিত কমপিউটার ভিত্তিক তথ্য ব্যবস্থা না গড়ে তোলেন, তবে ধীরে ধীরে তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনায় এক দুরতিক্রম্য দূরত্ব তৈরি হবে এনজিওদের সাথে। শংকার ব্যাপার এই যে, এ অবস্থা চলতে থাকলে দেশের তথ্য ব্যবস্থা একসময় এনজিওদের একচেটিয়া মালিকানাধীন হয়ে পড়তে পারে। তথ্যের জন্য সরকারকে ধর্ণা দিতে হবে এনজিওদের ডাটাবেজে– এর চেয়ে বড় অসহায়ত্ব আর কি হতে পারে?

তাই সরকারকে সচেতন হতে হবে এখনি, গড়ে তুলতে হবে একটি কার্যকরী তথ্য কাঠামো। এজন্য অনতিবিলম্বে প্রয়োজন বিক্ষিপ্তভাবে সরকারের যে সব দপ্তরে কমপিউটার-ব্যবস্থাপনার প্রয়াস হয়েছে যেমন— পরিসংখ্যান ব্যুরো, শিক্ষা বোর্ড, কারিগরী শিক্ষা বোর্ড, কাস্টমস্ ক্লিয়ারেন্স, প্রধান মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, পরিবার পরিকল্পনা তথ্য ইত্যাদি– সেগুলোর মূল্যায়ন ও তার অভিজ্ঞতার আলোকে সরকারের অন্যান্য দপ্তরে কমপিউটার ব্যবস্থাপনার সমন্বিত পরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়ন।


## বিশেষ ঘোষণা

**সফটওয়্যার মেলা ও ডঃ মফিজ চৌধুরী স্মৃতি কমপিউটার কুইজ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান**

আর কিছু দিনের মধ্যেই মাসিক কমপিউটার জগৎ-এর উদ্যোগে বাংলাদেশের সর্বপ্রথম সফটওয়্যার মেলা অনুষ্ঠিত হতে যাচ্ছে। দেশে ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিকভাবে উদ্ভাবিত এবং বিদেশী নানা ধরনের সফটওয়্যারের এক আকর্ষণীয় সমাহার ঘটবে এ মেলায়। মেলার দিন ডঃ মফিজ চৌধুরী স্মৃতি কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে।

**বিস্তারিত জানতে যোগাযোগ করুন — ফোন ঃ ৮৬৬৭৪৬, ৫০৫৪১২**



লেখক সম্পাদক ঃ ❑ মোঃ হাসান শহীদ ❑ সাদেকুল আজিজ ❑ এহসান মাসুদ ❑ ইকো আজহার ❑ শামীম আক্তার তুষার